**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**19 December 2025** **7:35 AM IST**

==========================================================================

আসাম মন্ত্রীসভা মহিলা টি-টুয়েন্টি দৃষ্টিহীন বিশ্বকাপ জয়ী ভারতীয় মহিলা দৃষ্টিহীন ক্রিকেট দলের সদস্যা অসমকন্যা সিমু দাসকে ক্রীড়া এবং যুব কল্যান সঞ্চালকালয়ের অধীন শারিরীক প্রশিক্ষিক পদে নিযুক্তি দে ওয়ার সিদ্ধান্ত গ্রহন করেছে । গতকাল দিশপুর লোকসেবা ভবনে আসাম মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা একথা জানান । মূখ্যমন্ত্রী আরো জানান যে মিশন বসুন্ধরার অধীনে রাজ্যে মোট ৩০৮টি পরিবারকে জমির পাট্টা প্রদান করার সিদ্ধান্ত হয়েছে । এছাড়া মন্ত্রীসভার বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আসাম সফররের প্রস্তুতি নিয়েও আলোচনা হয়েছে ।

---

আসাম সরকার আগামী বছর কৃষকদের থেকে দশ লক্ষ মেট্রিকটন ধান ক্রয় করবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । মূখ্যমন্ত্রী ডঃ শর্মা জানান যে- সরকার প্রতিবছর ধান ক্রয়ের পরিমাণ বৃদ্ধি করে চলছে । গত বছর রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে প্রায় আট লক্ষ ৫০ হাজার মেট্রিকটন ধান ক্রয় করেছে । উল্লেখ্য- রাজ্য সরকার চলতি বছরে কৃষকদের সহায়তা করার জন্য প্রতি কুইন্টাল ধান এবং সরিষার মূল্য ন্যুনতম সমর্থন

মূল্যের চাইতে অতিরিক্ত আর্থিক বোনাস প্রদানের কথা ঘোষণা করেছে। রাজ্য মন্ত্রীসভার বৈঠকে প্রতি কুইন্টাল ধানের জন্য ২৫০ টাকা, প্রতি কুইন্টাল সরিষার জন্য ৫০০ টাকা করে বোনাস প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। রাজ্য মন্ত্রীসভার এই সিদ্ধান্তের ফলে প্রতি কুইন্টাল ধানে কৃষকরা দুহাজার ৫৫০ টাকা এবং প্রতি কুইন্টাল সরিষায় ছ'হাজার ৪৫০ টাকা করে লাভ করবেন।

---

রাজ্যে ২০৩০ সালের মধ্যে ২৫ টি মেডিক্যাল কলেজ কর্মক্ষম হয়ে উঠবে এবং এর মাধ্যমে বহু অস্থিরোগ চিকিৎসক থাকবেন। গতকাল গুয়াহাটীর সরুসজাই ক্রীড়া প্রকল্পে আয়োজিত ভারতীয় অস্থিরোগ চিকিৎসা সংস্থার বার্ষিক সম্মেলনে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা একথা জানান। মুখ্যমন্ত্রী বলেন যে আসামে ইতিমধ্যে ১৫ টি মেডিক্যাল কলেজ কর্মক্ষম রয়েছে এবং ১০ টি মেডিক্যাল কলেজের নির্মাণ কাজ বিভিন্ন পর্যায়ে রয়েছে। আসামে ক্যান্সারের চিকিৎসা প্রদানের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী বলেন যে টাটা ট্রাস্টের সহায়তায় রাজ্য সরকার ইতিমধ্যে সমগ্র আসামে ১৭ টি ক্যান্সার হাসপাতাল স্থাপন করেছে। গুয়াহাটীতে একটি অত্যাধুনিক ক্যান্সার হাসপাতাল নির্মাণ করা সহ জেলা এবং আঞ্চলিক পর্যায়ে ক্যান্সার হাসপাতাল গড়ে তোলা হয়েছে বলেও মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানান।

---

শ্রীভূমি জেলার রাতাবাড়ি বিধানসভা আসনের বিজেপি বিধায়ক বিজয় মালাকারের নাগরিকত্ব নিয়ে গৌহাটি হাইকোর্টে একটি মামলা দায়ের করা

হয়েছে । এই মামলার শুনানি গ্রহণ করে গৌহাটি হাইকোর্ট গতকাল সমগ্র বিষয়টির উত্তর দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকার , রাজ্য সরকার, দেশের নির্বাচন কমিশন এবং বিধায়ক বিজয় মালাকারকে বিজ্ঞপ্তি জারি করেছে । উল্লেখ্য- বিধায়ক শ্রী মালাকার ভারতীয় নাগরিক নন বলে শ্রীভূমির দুজন স্থানীয় লোক ওই জেলার আয়ুক্ত, সীমান্ত শাখার পুলিশ সুপার এবং নির্বাচন কমিশনের কাছে অভিযোগ দাখিল করেছিলেন । কিন্তু লিখিত অভিযোগ দাখিলের পরও কোনো ব্যবস্থা গ্রহণ না করার অভিযোগ করে ওই দুই ব্যক্তি বিজয় মালাকারের নাগরিকত্ব নিয়ে প্রশ্ন উত্থাপন করে হাইকোর্টে রিট পিটিশন দাখিল করেন ।

---

কাছাড় জেলা প্রশাসন জনসাধারণের সুরক্ষা এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার উদ্দেশ্যে জেলার ভারত বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত অঞ্চলে তাৎক্ষণিকভাবে কার্যকরী হওয়া বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করেছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ নম্বর ধারার অধীনে এই নির্দেশ জারি করেছেন । এই নির্দেশ অনিযায়ি সীমান্তের ১ কিলোমিটার এলাকায় সূর্যাস্ত থেকে সূর্যোদয় পর্যন্ত জনসাধারণের যাতায়াত , জলপথে নৌকা চলাচল , মাছধরার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । সীমান্তের ৫ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে সন্ধ্যার পর কেউ চাল, চিনি ,গম , ভোজ্যতেল ,সহ অত্যাবশ্যকীয় সামগ্রী পরিবহণ করতে পারবেন না । তবে সরকারী কাজে নিয়োজিত কর্মচারীদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না ।

---

হাইলাকান্দি জেলায় আজ থেকে সুশাসন সপ্তাহ পালন শুরু হচ্ছে। এ উপলক্ষ্যে জনগনের দুয়ারে সরকার শীর্ষক গ্রাম সভা অনুষ্ঠিত হবে । আজ সকাল ১১টায় লালামূখ , ধলাই-মলাই , রংপুর রামচন্ডী , আলগাপুর - মোহনপুর ,মণিপুর , জয়কৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ের সভাকক্ষে সভা অনুষ্ঠিত হবে । আগামী ২৫শে ডিসেম্বর পর্য্যন্ত সুশাসন সপ্তাহ পালন করা হবে ।

---

শ্রীভূমি জেলার সমাজ কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার সমাজ কল্যান বিভাগে সাইকো সোসাল কাউন্সিলর এবং নাইট গার্ড পদে প্রার্থী নিয়োগের জন্য আগামিকাল, ১৯শে ডিসেম্বর জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে ওয়াক ইন ইন্টারভিউ অনুষ্টিত হবে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে প্রার্থীদের আগামীকাল সকাল সাড়ে নটা থেকে সকাল সাড়ে ১০টা পর্য্যন্ত নথিপত্র যাচাই করা হবে । এরপর সকাল সাড়ে ১১টা থেকে সাক্ষাৎকার গ্রহন করা হবে । প্রার্থীদের নিজ নথিপত্রের মূল কপি সঙ্গে নিয়ে আসতে বলা হয়েছে । এজন্য পৃথক কোন কল লেটার ইস্যু করা হবে না বলে জানানো হয়েছে ।

---

করিমগঞ্জ পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে সম্প্রতি অনুষ্ঠিত বার্ষিক উৎসবে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে শ্রীভূমি সহ দেশের ১৮২টি কেন্দ্রীয় বিদ্যালয়ে ভোকেশনাল ল্যাব জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেন । বার্ষিক উৎসবে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখতে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী ভবিষ্যতে চাকুরীমূখী এবং সৃজনশীলতার সাথে গড়ে উঠা কারিগরী দক্ষতা , হাতে কলমে শিক্ষা এবং অভীজ্ঞতামূলক শিক্ষার উপর জোর দিয়েছেন । পরে জেলা আয়ুক্ত শ্রীদ্বিবেদী বিদ্যালয়ের

শিক্ষার্থীদের ভোকেশনাল স্কিল , উদ্যোগী এবং প্রয়োগ মূলক শিক্ষার উপর ভিত্তি করে বিভিন্ন উদ্ভাবনী মডেল ও প্রযুক্তিগত প্রকল্প পরিদর্শন করেন ।